রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৬ সনের ২৭ নং

# বাংলাদেশ গেজেট

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জুলাই ২, ২০২৬**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৫৪৭—৫৬২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৭৪৫—৭৮৩ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৬৫৭—৬৯১ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| **ক্রোড়পত্র—সংখ্যা** | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৪ জুন ২০২৬

বিষয়: **ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ জালাল উদ্দিন দীর্ঘদিন যাবৎ প্রবাসে থাকায় তাঁর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.০০১.০২-৭৯**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ জালাল উদ্দিন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত গত ১৭-০১-২০০৮ খ্রি. তারিখ হতে তার নিজ কর্মস্থলে অনুপস্থিত থেকে মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১৭(৫) অনুযায়ী এই বিধিমালা লঙ্ঘন করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় এবং তা একই বিধিমালার বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় তাকে কারণ দর্শানো সত্ত্বেও তিনি জবাব দাখিল না করায় তার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো। অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সন্নিকটবর্তী) কোনো অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ জালাল উদ্দিন এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ব্রাহ্মণবাড়িয়া-কে নির্দেশ প্রদান করা হলো। একইসাথে, মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর ৬ বিধি অনুযায়ী শূন্য ঘোষিত অধিক্ষেত্রে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, ব্রাহ্মণবাড়িয়া-কে নির্দেশ প্রদান করা হলো।

**মোঃ আবদুল ওয়াহাব**
সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৪ জুন ২০২৬

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০৫৮.২৫-৫৫৪**—যেহেতু, মিজ রওশন আরেফিন (পরিচিতি নম্বর-৮১৪০৪০০১), নির্বাচন কর্মকর্তা, জেলা নির্বাচন অফিস, টাঙ্গাইল এর বিরুদ্ধে দীর্ঘ দিন অনুপস্থিতির অভিযোগ উত্থাপিত হয়; নির্বাচন কমিশন সচিবালয়ের ২৬-১১-২০২৪ তারিখের প্রজ্ঞাপন নম্বর ১৭.০০.০০০০.০১৫.১৯.০২৫.২৪-৫৪৪ মোতাবেক তাকে জেলা নির্বাচন অফিস, ঝিনাইদহ হতে জেলা নির্বাচন অফিস, টাঙ্গাইলে বদলির আদেশ করা হয়; বদলির আদেশের পরিপ্রেক্ষিতে তাকে জেলা নির্বাচন অফিস, ঝিনাইদহ হতে ০৩-১২-২০২৪ তারিখের ১৭.০৫.৪৪০০.০০০.১৯.০০১. ১২.৭০৪ নম্বর স্মারক মূলে অবমুক্ত করার পর একাধারে প্রায় ০১(এক) বছর অতিক্রান্ত হলেও তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি এবং বর্তমানে তিনি কোনো কর্মস্থলেই কর্মরত নেই; তিনি কর্তৃপক্ষের আইনানুগ আদেশসহ সংশ্লিষ্ট বিধি-বিধান লঙ্ঘন করেছেন;

যেহেতু, তার এহেন কার্যকলাপ শৃঙ্খলার পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' ও বিধি ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগ তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর-২৫/২০২৫ রুজু করতঃ অভিযোগনামায় কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযোগনামায় লিখিত জবাব দাখিল পূর্বক তিনি ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন; গত ২০-০১-২০২৬ তারিখের ব্যক্তিগত শুনানিতে তিনি আত্মপক্ষ সমর্থন করেন; শুনানি অন্তে ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত হয়; তদন্তের জন্য জনাব ইকবাল হোসেন, উপসচিব (চ.দা), জনবল ব্যবস্থাপনা-৩, নির্বাচন কমিশন সচিবালয়-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; নিযুক্ত তদন্ত কর্মকর্তা অভিযুক্তের বিরুদ্ধে আনীত 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তিনি ০৪-১২-২০২৪ হতে ২৯-১১-২০২৫ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন; তদন্তে তার বিরুদ্ধে আনীত 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত; এই কারণে তিনি দণ্ড পাওয়ার যোগ্য; নথি ও সামগ্রিক বিষয় পর্যালোচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত হয়;

সেহেতু, সার্বিক বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তা মিজ রওশন আরেফিন (পরিচিতি নম্বর-৮১৪০৪০০১), নির্বাচন কর্মকর্তা, (সাময়িক বরখাস্তকৃত) সিনিয়র জেলা নির্বাচন অফিস, টাঙ্গাইল-কে 'পলায়ন' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি ৪(২)(খ) অনুযায়ী তার ০২ (দুই)টি বার্ষিক বেতন বৃদ্ধি (২০২৬ ও ২০২৭ সালের) স্থায়ীভাবে স্থগিত করা হলো। বিনা অনুমতিতে অনুপস্থিতিকাল (০৪-১২-২০২৪ হতে ২৯-১১-২০২৫ তারিখ পর্যন্ত) ১১ মাস ২৫ দিন তার জমা থাকা অর্জিত ছুটি (পূর্ণ গড় বেতনে) হিসেবে মঞ্জুর করা হলো। সেই সাথে তার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য হবে। তিনি বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। অত্র বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**কেন্দ্রীয় ব্যাংক-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩/২৪ মে ২০২৬

নং **৫৩.০০.০০০০.০০০.৩১১.১১.০০০৮.১৭.৩০৮**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ (১৯৭৩ সালের রাষ্ট্রপতির আদেশ নম্বর-২৭) এর অনুচ্ছেদ-০৭ অনুসারে জনাব মোহাম্মদ নুরুল আমিন-কে বাংলাদেশ কৃষি ব্যাংক এর পরিচালনা পর্ষদে তাঁর যোগদানের তারিখ হতে ০৩(তিন) বছরের জন্য পরিচালক ও চেয়ারম্যান হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সফি উল্লাহ**
সিনিয়র সহকারী সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ/০৩ জুন ২০২৬ খ্রি.

নং **২৫/২০২৬/কাস্টমস/৩০৪**।—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স স্কাইলাক্স ডিউটি ফ্রি শপ [বন্ড লাইসেন্স নং-৭৬৭/কাস-পিবিডব্লিউ/২০১২, তারিখ: ২৫-০১-২০১২ খ্রি.] নামীয় শুল্কমুক্ত বিপণী (Duty Free Shop) এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্র. নং | পণ্যের বিবরণ | ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | লিকার ও অন্যান্য ড্রিংকস | ৫৩,০০০.০০ |
| ২ | সিগারেট, সিগার ও টোব্যাকো | ২০০,০০০.০০ |
| ৩ | কসমেটিকস/ টয়লেট্রিজ ও পারফিউম সামগ্রী | ১৪,০০০.০০ |
| **মোট** | | **২৬৭,০০০.০০ (দুই লক্ষ সাতষট্টি হাজার) মার্কিন ডলার** |

উল্লেখ্য, জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-৪(১) শুল্কঃ রপ্তানি ও বন্ড/২০১১(অংশ-১)/৫৫, তারিখ: ০৮-০২-২০২৬ খ্রি. এর মাধ্যমে প্রদত্ত বিয়োজনের শর্তে জারীকৃত আমদানি প্রাপ্যতা ১৫০,৩৬৭.৬১ মার্কিন ডলার ২০২৫-২০২৬ অর্থবছরের সিগারেট, সিগার ও টোব্যাকোর বিপরীতে অনুমোদিত ২০০,০০০.০০ মার্কিন ডলার আমদানি প্রাপ্যতা থেকে সমন্বয় করতে হবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে**

**সুরাইয়া সুলতানা**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩/০২ জুন ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২২৫.২২.০০০১.২৬-৪৮**—আদিষ্ট হয়ে পুলিশ অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে নিম্নবর্ণিত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে নামের পার্শ্বে বর্ণিত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিলের লক্ষ্যে ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৭ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

| ক্রম | কর্মকর্তার নাম, বিপি নম্বর, ব্যাচ ও পদবি | থানার নাম, মামলা নং ও তারিখ |
|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ হারুন অর রশীদ<br>বিপি-৭৪০১১১৯৭৫৩<br>বিসিএস ২০ তম ব্যাচ,<br>সাবেক ডিবি প্রধান<br>ডিএমপি, ঢাকা | (ক) যাত্রাবাড়ি থানার মামলা নং-২২, তারিখ: ২৬-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/১৪৭/৩০৭/১০৯/১১৪/৩৪ নং ধারা<br>(খ) রামপুরা (ডিএমপি) থানার মামলা নং-০৩, তারিখ: ০১-০৯-২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/১৪৭/৩০৭/১০৯/১১৪/৩৪ নং ধারা |
| ০২ | জনাব বিপ্লব কুমার সরকার<br>বিপি-৭২০৩১২২৫৯৬<br>বিসিএস ২১ তম ব্যাচ,<br>সাবেক অতিরিক্ত ডিআইজি (যুগ্ম কমিশনার, ডিএমপি), ঢাকা | (ক) যাত্রাবাড়ি থানার মামলা নং-২২, তারিখ: ২৬-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/১৪৭/৩০৭/১০৯/১১৪/৩৪ নং ধারা<br>(খ) রামপুরা (ডিএমপি) থানার মামলা নং-০৩, তারিখ: ০১-০৯-২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৮/১৪৯/৩০২/৩৪ নং ধারা |
| ০৩ | জনাব এস এম মেহেদী হাসান<br>বিপি-৭২০৩০২৭৮০৮<br>বিসিএস ২২তম ব্যাচ,<br>সাবেক যুগ্ম কমিশনার,<br>দক্ষিণ ডিএমপি | যাত্রাবাড়ি থানার মামলা নং-২২, তারিখ: ২৬-০৮-২০২৪ খ্রি. পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/১৪৭/৩০৭/১০৯/১১৪/৩৪ নং ধারা |

তারিখ: ১০ জ্যৈষ্ঠ ১৪৩৩/২৪ মে ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.৬৬**—আদিষ্ট হয়ে গাজীপুর জেলার টঙ্গী পূর্ব থানার মামলা নং-২২, তারিখঃ-১৩-০৯-২০২৩ খ্রি.,-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৮/৯(৩)/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.৬৭**—আদিষ্ট হয়ে কুমিল্লা কোতয়ালী মডেল থানার মামলা নং-৭৬, তারিখ: ২৬-১১-২০২৩ খ্রি.,-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামিরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৮/৯(৩)/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**
সিনিয়র সহকারী সচিব।

---

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৭ জুন ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৪.২৭.০০৫২.২৫-২০৩**—যেহেতু, জনাব মোঃ মোরতোজা আলী খাঁন (বিপি-৮০০৬১২১৫৫৬) বর্তমানে পুলিশ সুপার, খাগড়াছড়ি ইতঃপূর্বে সাবেক পুলিশ সুপার, পাবনা হিসাবে কর্মরত থাকাকালে 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। তদপ্রেক্ষিতে তিনি কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেন এবং তাঁর ইচ্ছার পরিপ্রেক্ষিতে গত ০৩-০৬-২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

০২। যেহেতু, শুনানিকালে আনীত অভিযোগ, লিখিত জবাব, উভয়পক্ষের বক্তব্য এবং অন্যান্য গুরুত্বপূর্ণ দালিলিক প্রমাণাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত 'অসদাচরণ (Misconduct)'-এর অভিযোগ পর্যাপ্ত তথ্য-উপাত্ত দ্বারা সমর্থিত নয়;

০৩। সেহেতু, জনাব মোঃ মোরতোজা আলী খাঁন (বিপি-৮০০৬১২১৫৫৬) বর্তমানে পুলিশ সুপার, খাগড়াছড়ি ও সাবেক পুলিশ সুপার, পাবনা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য এবং প্রাসঙ্গিক অন্যান্য দলিলপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় ভবিষ্যতের জন্য সতর্ক করে তাঁকে বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৬ জুন ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০৩০.২৫-২৩২**—যেহেতু, জনাব মাহমুদুল হাসান ফেরদৌস (বিপি-৮৩১৩১৫৯৪৭৫) সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, ১০ এপিবিএন, বরিশাল (বর্তমানে সাময়িক বরখাস্ত ও রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, খুলনায় সংযুক্ত); তিনি ০৫-০১-২০২২ হতে ০৭-১১-২০২২ তারিখ পর্যন্ত ১০ এপিবিএন, বরিশালে কর্মরত থাকাকালীন সরকারি গাড়ি ব্যবহার করে জনৈক সেলিনা বেগমকে বরিশাল শহরস্থ বিভিন্ন ব্যাডমিন্টন মাঠে খেলতে নিয়ে যান ও খেলা শেষে তাঁকে বাসায় পৌঁছে দেন। তিনি মাঝে-মধ্যে সেলিনা বেগমের বরিশাল রূপাতলী হাউজিংয়ের বাসায় সরকারি গাড়ির ড্রাইভারকে গাড়িসহ পাঠিয়ে তাঁকে বিভিন্ন স্থানে আনা-নেয়া করেন; এবং

০২। যেহেতু, তিনি ২৯-০৯-২০২২ তারিখ পারাবত লঞ্চে সেলিনা বেগমসহ বরিশাল হতে ঢাকা আসেন। ঐ দিন জনাব মোঃ রিয়াদুল ইসলাম, সিনিয়র তথ্য অফিসার, আঞ্চলিক তথ্য অফিস, বরিশাল তাঁর পরিবারবর্গসহ একই লঞ্চে বরিশাল হতে ঢাকায় আসছিলেন। পথিমধ্যে লঞ্চের ৩য় তলার কেবিনের সামনে সেলিনা বেগম ও তাঁর সাথে জনাব মোঃ রিয়াদুল ইসলামের দেখা হলে পূর্ব পরিচিত হিসেবে তাঁরা কথাবার্তা বলেন। কথাবার্তার এক পর্যায়ে তিনি রিয়াদুল ইসলামের নিকট নিজেদেরকে স্বামী-স্ত্রী হিসেবে মিথ্যা পরিচয় দেন। অতঃপর তিনি সেলিনা বেগমকে নিয়ে কেবিনে চলে যান। একজন দায়িত্বশীল কর্মকর্তা হিসেবে এরূপ কর্মকান্ড অশালীন, অশোভনীয় ও নৈতিকতা বিবর্জিত; এবং

০৩। যেহেতু, তাঁর ব্যবহৃত মোবাইল ফোনের সিডিআর পর্যালোচনায় দেখা যায়, অভিযোগে উল্লিখিত অধিকাংশ তারিখেই তিনি সেলিনা বেগমের সাথে একই স্থানে অবস্থান করেন। সেলিনা বেগম বিবাহিত স্ত্রী না হওয়া সত্ত্বেও তিনি হোয়াটসঅ্যাপ আইডি Ferdous GP হতে তাঁর সাথে বেশ কিছুদিন অন্তরঙ্গ চ্যাটিং করেন এবং বাইরে ঘোরাফেরা করার সময় বিভিন্ন লোকেশনে একত্রে ছবি ও সেলফি তোলেন। তিনি মোবাইল ফোনে তোলা ছবি ও সেলফিসমূহ হোয়াটসঅ্যাপ আইডি Ferdous GP হতে সেলিনা বেগমের মোবাইল ফোনে প্রেরণ করেন। তিনি বাংলাদেশ পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার একজন কর্মকর্তা হয়ে এবং দায়িত্বশীল পদে নিয়োজিত থেকে সেলিনা বেগম তাঁর স্ত্রী না হওয়া সত্ত্বেও মাঝে মাঝে তাঁর সাথে একান্তে সময় কাটিয়েছেন এবং তাঁকে নিয়ে অবাধে ঘোরাফেরা করেছেন। পরবর্তীতে, সেলিনা বেগম কর্তৃক বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ ট্রাইব্যুনাল, বরিশালে দায়েরকৃত এমপি নং-৭, তারিখঃ ০২-০১-২০২৩, ধারা -নারী ও শিশু নির্যাতন দমন আইন-২০০০ (সংশোধনী-২০০৩) এর ৯(১) মামলায় তিনি ১০-১০-২০২৩ তারিখ বিজ্ঞ আদালতে হাজির হয়ে ৫,০০০/- বন্ডে জামিন লাভ করেন। এতে জনসম্মুখে ও বিজ্ঞ আদালতে বাংলাদেশ পুলিশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুন্ন হয়েছে; এবং

০৪। যেহেতু, উপর্যুক্ত অভিযোগসমূহের পরিপ্রেক্ষিতে গত ১২-০৩-২০২৫ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা নং ৩০/২০২৫ রুজুপূর্বক কারণ দর্শানো হয়; এবং

০৫। যেহেতু, ২১-০৭-২০২৫ তারিখে কারণ দর্শানোর জবাব পাওয়া যায়। দাখিলকৃত জবাবে অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত শুনানির আবেদন করেন। সে পরিপ্রেক্ষিতে ০৩-০৬-২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

০৬। যেহেতু, অভিযোগনামার জবাব, শুনানিঅন্তে অভিযুক্ত ও রাষ্ট্রপক্ষের বক্তব্য, অভিযোগের গুরুত্ব, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, বরিশাল কর্তৃক ২৩-০৪-২০২৬ তারিখে প্রদত্ত রায় ও আনুষাঙ্গিক বিষয়াদি পর্যালোচনায় অভিযুক্তকে লঘুদণ্ড আরোপ করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

০৭। সেহেতু, জনাব মাহমুদুল হাসান ফেরদৌস (বিপি-৮৩১৩১৫৯৪৭৫) অতিরিক্ত পুলিশ সুপার, রেঞ্জ ডিআইজি'র কার্যালয় খুলনায় সংযুক্ত-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি মোতাবেক তাঁকে **"০১ (এক) বছরের জন্য একটি বেতন বৃদ্ধি স্থগিত"** সূচক লঘুদণ্ড প্রদান করা হলো এবং তিনি কোনো বকেয়া প্রাপ্য হবেন না। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পুলিশ-১ শাখা হতে ১৫-০১-২০২৪ তারিখে ৪৪.০০.০০০০.০৯৪.২৭.০২৬.২১.৪৭ নং স্মারকে জারীকৃত তাঁর সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা বাতিল করা হলো। সাময়িক বরখাস্তকালীন তিনি কোনো বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০৩৩.২০.২৩৩**—যেহেতু, জনাব মোঃ জাহিদুল ইসলাম (বিপি-৮৩১২১৪৭৬৩৯), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা; তাঁকে স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে গত ১২-০৫-২০১৯ তারিখে ০১ বছরের জন্য জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে লিয়াজোঁ অফিসার BANFPU-১ (Rot-১১) UNAMID, DARFUR, SUDAN হিসেবে নিয়োগ করা হয়। লিয়াজোঁ অফিসার হিসেবে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে কর্মরত থাকা অবস্থায় BANFPU-১ (Rot-১১) UNAMID/১৮ তারিখ-০৮-০৩-২০২০ মোতাবেক সুদানের দারফুর হতে খার্তুম গমন করতঃ জেনারেটর ও ওয়াটার ট্রিটমেন্টের খুচরা যন্ত্রাংশ ক্রয়ের জন্য অফিসিয়াল ডিউটি প্রাপ্ত হন। UNAMID, DARFUR, SUDAN এর (e-MOP no-MOP-UNAMID-G৭১৬২৩২) মোতাবেক গত ১২-৩-২০২০ হতে ১৫-০৩-২০২০ তারিখ পর্যন্ত তার ০৪ (চার) দিনের ভ্রমণ অনুমোদিত হয়। খারাপ আবহাওয়ার কারণে ১২-০৩-২০২০ তারিখ ফ্লাইট বাতিল হওয়ায় তিনি গত ১৩-০৩-২০২০ তারিখ খার্তুম গমন করেন। ০৪(চার) দিনের অনুমোদিত ভ্রমণ শেষে তিনি ১৬-০৩-২০২০ তারিখ আলফেসার ক্যাম্পে রিপোর্ট করার কথা থাকলেও তিনি রিপোর্ট না করায় BANFPU-১ (Rot-১১), UNAMID কমান্ডার জনাব মোহাম্মদ আব্দুল হালিম তার সাথে মুঠোফোনে যোগাযোগ করলে তিনি জানান যে, খার্তুম হতে ইউএন ফ্লাইটে অপেক্ষমান তালিকায় থাকার কারণে আলফেসার ফিরতে ব্যর্থ হন। তিনি ১৭-০৩-২০২০ তারিখ আলফেসার ক্যাম্পে রিপোর্ট করতে ব্যর্থ হলে পুনরায় তাঁর সাথে যোগাযোগ করা হলে তিনি একই অজুহাতের কথা বলেন। তারপর হতে তাঁর সাথে যোগাযোগের চেষ্টা করা হলেও তার মুঠোফোনের সংযোগ পাওয়া যায়নি। তিনি গত ১৯-০৩-২০২০ তারিখ ১৩.২৮ ঘটিকায় mzislampacs@gmail.com নামীয় ই-মেইলের মাধ্যমে BANFPU-১ (Rot-১১) UNAMID কমান্ডারকে জানান যে, দাঁতে প্রচন্ড ব্যথার কারণে আতংকিত হয়ে তিনি বাংলাদেশে গমণ করেছেন। উক্ত বিষয়টি অবগত হয়ে BANFPU-১ (Rot-১১) UNAMID কমান্ডার তাঁকে দ্রুত ইউএন অ্যাফেয়ার্স, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় স্ব-শরীরে গিয়ে অবগত করতে বলেন, কিন্তু তিনি তা করেননি; এবং

০২। যেহেতু, তিনি জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে লিয়াজোঁ অফিসার হিসেবে কর্মরত থাকাকালীন যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যাতিরেকে সুদানের দারফুরে জাতিসংঘ শান্তিরক্ষা মিশন হতে বাংলাদেশে ফিরে আসেন। তাঁর উল্লিখিত কার্যকলাপের কারণে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনের মতো আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশ পুলিশ বাহিনী তথা বাংলাদেশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হয়েছে। তাছাড়া, যথাযথ কর্তৃপক্ষ তাঁকে দ্রুত ইউএন অ্যাফেয়ার্স, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকায় স্ব-শরীরে গিয়ে অবগত করতে নির্দেশনা দিলেও তিনি তা না করে উর্ধ্বতন কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য করেন এবং সরকারি দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলার পরিচয় দেন। তাঁর উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

০৩। যেহেতু, উপর্যুক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা,২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে বিভাগীয় মামলা (মামলা নং ৩৩/২০২০) রুজুপূর্বক ০৩-০৭-২০২৫ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়; এবং

০৪। যেহেতু, তিনি ১১-০৯-২০২৫ তারিখে অভিযোগনামার জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির জন্য প্রার্থনা করেন। সে পরিপ্রেক্ষিতে ০৩-০৬-২০২৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। ব্যক্তিগত শুনানিতে অভিযুক্ত কর্মকর্তা জানান যে, তৎকালীন কোভিড-১৯ এর কারণে ফ্লাইট বন্ধ থাকায় তিনি সুদানে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে যোগদান করতে পারেননি; এবং

০৫। যেহেতু, ব্যক্তিগত শুনানিঅন্তে অভিযুক্ত/রাষ্ট্রপক্ষের বক্তব্য, অভিযোগনামার জবাব এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ"-এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে সরকারি কর্তব্য পালনে সতর্ক থাকার পরামর্শ দিয়ে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

০৬। সেহেতু, জনাব মোঃ জাহিদুল ইসলাম (বিপি-৮৩১২১৪৭৬৩৯), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা-কে ভবিষ্যতে সরকারি কর্তব্য পালনে আরো সতর্ক থাকার নির্দেশনা দিয়ে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচরণ'-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার (মামলা নং ৩৩/২০২০) দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

---

## শৃঙ্খলা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৬ জুন ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৫.০৪.০০২০.২৬.২৩৯**—যেহেতু, জনাব এ এন এম মাসুদ (বিপি-৬৮৯৪০০৪৯০৩), পুলিশ পরিদর্শক (শহর ও যান), জেলা পুলিশ, নাটোর (সাবেক পুলিশ পরিদর্শক, আরএমপি, রাজশাহী)-এর বিরুদ্ধে "অসদাচরণ" এর অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) অনুযায়ী তাঁকে গত ২৮-০১-২০২৬ তারিখে "তিরস্কার" সূচক লঘুদণ্ড প্রদান করা হয়। তিনি আরোপিত দণ্ডাদেশ মওকুফের নিমিত্ত আপিল দায়ের করেন; এবং

০২। যেহেতু, আপিল আবেদন, আপিল আবেদনের পরিপ্রেক্ষিতে রাষ্ট্রপক্ষের দফাওয়ারী জবাব, অভিযোগের বিষয়টি পরিচালনায় পদ্ধতিগত ত্রুটি, অনুসন্ধান প্রতিবেদনের মতামত এবং প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি পর্যালোচনায় তাঁর আপিল আবেদন মঞ্জুরপূর্বক দণ্ডাদেশ বাতিলের সিদ্ধান্ত গ্রহণ সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

০৩। সেহেতু, জনাব এ এন এম মাসুদ (বিপি-৬৮৯৪০০৪৯০৩), পুলিশ পরিদর্শক (শহর ও যান), জেলা পুলিশ, নাটোর (সাবেক পুলিশ পরিদর্শক, আরএমপি, রাজশাহী)-এর আপিল আবেদন মঞ্জুর করে পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা কর্তৃক গত ২৮-০১-২০২৬ তারিখে ৪৪.০১.০০০০.০১২.২৭.১৯৮.২৪-২৭১ নং আদেশমূলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক তাঁর উপর আরোপিত "তিরস্কার" সূচক লঘুদণ্ডাদেশ বাতিলপূর্বক অভিযোগের দায় হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

## পুলিশ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৭ জুন ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৪৯১**—জনাব শেখ রাজীবুল হাসান, (বিপি-৭৮০৮১২১৬৬৯), অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার, কাউন্টার টেররিজম রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট বিভাগ, ডিএমপি, ঢাকা (বর্তমানে রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, সিলেটে সংযুক্ত)-এর স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক গত ৩১-৮-২০২৫ খ্রি. তারিখের ৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৮৫০ নম্বর প্রজ্ঞাপনমূলে জারীকৃত সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

২। সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

---

## প্রতিরক্ষা মন্ত্রণালয়
## ডি-১৮ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ/০২ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.৩৩৯.২৪.৩৮৮**—যেহেতু, সেনাসদরে কর্মরত জনাব হেলাল আহাম্মদ (পরিচিতি নম্বর ০৮২), উপপরিচালক (নন-টেকনিক্যাল) এর যুক্তরাষ্ট্রে পরিবারের সাথে থাকার নিমিত্ত বিভিন্ন সময়ে লিয়েন ও উচ্চতর শিক্ষা অর্জনের অনুমতি চাওয়া এবং লিয়েন ও উচ্চতর শিক্ষা অর্জনের বিষয়টি মঞ্জুর না হওয়া এবং বিধি মোতাবেক ছুটি মঞ্জুর না হওয়া সত্ত্বেও কর্মস্থলে অনুপস্থিতির বিষয়টি শৃঙ্খলাভঙ্গ ও অসদাচরণের সামিল গণ্যে সেনাসদর কর্তৃক গঠিত তদন্ত পর্ষদ তাঁকে 'Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961' মোতাবেক গুরুদণ্ড প্রদানের জন্য সুপারিশ করে;

যেহেতু, জনব হেলাল আহাম্মদ (পরিচিতি নম্বর ০৮২), উপপরিচালক (নন-টেকনিক্যাল) এর বিরুদ্ধে 'Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961' -এর রুল ৭ এর সাব-রুল ২ এর বিধান মতে অসদাচরণ (Misconduct) এর অভিযোগ আনয়ন করে রুল ৮ এর সাব-রুল ১ অনুসারে গুরুদণ্ড প্রদানের যথেষ্ট কারণ থাকায় মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা (নম্বর ০২/২০২৫) শুরু করা হয়;

যেহেতু, জনাব হেলাল আহাম্মদ অভিযোগনামায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগের জবাব প্রদান করেন এবং এ মন্ত্রণালয়ের সচিবের নিকট ব্যক্তিগত শুনানিতে অভিযোগের বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। অভিযোগ প্রতিষ্ঠিত হলে গুরুদণ্ড প্রযোজ্য বিবেচনায় মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ অনুমোদনক্রমে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্ত কার্য সম্পাদন করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব হেলাল আহাম্মদ এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হয়েছে এবং অভিযোগের প্রেক্ষিতে উল্লিখিত রুলস্ এর রুল ৭ এর সাব-রুল ২ অনুযায়ী অসদাচরণ (Misconduct) এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, জনাব হেলাল আহাম্মদ কে উল্লিখিত রুলস্ এর রুল ৮ এর সাব-রুল ১ অনুসারে গুরুদণ্ডের আওতায় কেন এক বা একাধিক শাস্তি প্রদান করা হবে না তা জানিয়ে ২য় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে তিনি লিখিত জবাব দাখিল করেন;

যেহেতু, জনাব হেলাল আহাম্মদ (পরিচিতি নম্বর ০৮২), উপপরিচালক (নন-টেকনিক্যাল) এর দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক তাঁর বিরুদ্ধে আনীত উল্লিখিত অভিযোগ তদন্তে সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় 'Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961'-এর রুল ৭ এর সাব-রুল ২ অনুযায়ী অসদাচরণ (Misconduct) এর অভিযোগে উল্লিখিত রুলস্ এর রুল ৮ এর সাব-রুল ১(এফ) অনুসারে জনাব হেলাল আহাম্মদ- কে 'বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement)' গুরুদণ্ড প্রদানের প্রস্তাব এবং 'The Prescribed Leave Rules, 1959' এর রুল ৯(৩) অনুসারে উক্ত কর্মকর্তার ১৮ মে ২০২৩ তারিখ থেকে দণ্ড প্রদানের প্রজ্ঞাপন জারির তারিখ পর্যন্ত অনুমোদিত ছুটি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়কে ভূতাপেক্ষিকভাবে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক সানুগ্রহ অনুমোদিত হয়েছে; এবং

সেহেতু, সেনাসদরে কর্মরত জনাব হেলাল আহাম্মদ (পরিচিতি নম্বর ০৮২), উপপরিচালক (নন-টেকনিক্যাল)-কে 'Civilian Employees in Defence Services (Classification, Control and Appeal) Rules, 1961'-এর রুল ৭ এর সাব-রুল ২ অনুযায়ী অসদাচরণ (Misconduct) এর অভিযোগে উল্লিখিত রুলস্ এর রুল ৮ এর সাব-রুল ১(এফ) অনুসারে প্রজ্ঞাপন জারির তারিখ হতে 'বাধ্যতামূলক অবসর (Compulsory Retirement)' গুরুদণ্ড আরোপ করা হলো এবং 'The Prescribed Leave Rules, 1959' এর রুল ৯(৩) অনুসারে উক্ত কর্মকর্তার ১৮ মে ২০২৩ তারিখ থেকে এ প্রজ্ঞাপন জারির তারিখ পর্যন্ত অনুমোদিত ছুটি ব্যতীত কর্মস্থলে অনুপস্থিতকালীন সময়কে ভূতাপেক্ষিকভাবে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

২।এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আশরাফ উদ্দিন**
সচিব।

---

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩/০১ জুন ২০২৬

নং **৩৩.০০.০০০০.১১৮.১৫.০০৩.২১.২৩৪**—অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৪ মে, ২০২৬ তারিখের ০৭.০০.০০০০.০০০. ১৪৫.২২.০০০৩.২১.২৯ সংখ্যক স্মারকের পত্রের সম্মতির পরিপ্রেক্ষিতে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন প্রাণিসম্পদ অধিদপ্তরের বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার নিম্নবর্ণিত বোট রাইডিং ফি অনুমোদন ও পাবলিক টয়লেট ফি পুনঃনির্ধারণ করা হলো:

**(ক) বোট রাইডিং ফি:**

| ক্র.নং | বিবরণ | ধরণ | অনুমোদিত ফি (প্রতি ২০ মিনিট) |
|---|---|---|---|
| ১. | রাইডিং ফি-বোট প্রতি ২০ মিনিটের জন্য | ক) ১০/তদুর্ধ্ব সিটের বোট (ইঞ্জিন চালিত) | প্রতি সিট ১০০/- (একশত) টাকা |
| | | খ) ২ সিটের বোট (প্যাডেল চালিত) | প্রতি বোট ১০০/- (একশত) টাকা |
| | | গ) ৪ সিটের বোট (প্যাডেল চালিত) | প্রতি বোট ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা |

**শর্তাবলি:**

(অ) লেকের পানি দূষণ বা কোনো ধরনের পরিবেশগত বিরূপ প্রভাব সৃষ্টি হবে না; (আ) শব্দ দূষণ বা যন্ত্রের কম্পনে চিড়িয়াখানার প্রাণিকুলের স্বাভাবিক জীবনযাত্রা বিঘ্নিত হবে না; (ই) জলজ উদ্ভিদ, মাছ ও অন্যান্য জলজ প্রাণীর আবাসস্থল ক্ষতিগ্রস্ত হবে না; (ঈ) দর্শনার্থীদের নিরাপত্তার জন্য পর্যাপ্ত লাইফ জ্যাকেট ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং (উ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বোট চালুর পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে রাজস্ব আয়-ব্যয়ের পূর্ণাঙ্গ প্রতিবেদন এবং (Regulatory Impact Analysis) প্রতিবেদন অর্থ বিভাগে দাখিল করবে।

(খ) পাবলিক টয়লেট ফি পুনর্নির্ধারণ: এ মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী চলমান ইজারা চুক্তির মেয়াদ শেষ হওয়ার পর ২০২৬-২৭ অর্থবছর হতে বাংলাদেশ জাতীয় চিড়িয়াখানার পাবলিক টয়লেট ব্যবহার ফি ১০/- (দশ) টাকা-এ পুনঃনির্ধারণ করা হলো।

০২। অর্থ বিভাগের শর্ত মোতাবেক ইহা অবিলম্বে কার্যকর হবে।

০৩। এ বাবদ আদায়কৃত অর্থ সরকারি নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ কামাল হোসেন**
উপসচিব।

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ বৈশাখ ১৪৩৩/২৯ এপ্রিল ২০২৬

নং **৪২.০০.০০০০.০৩১.০৬.০০১.২৫-২০৯**—এতদ্বারা ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন এর বাংলাদেশ পক্ষ নিম্নবর্ণিতভাবে পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| (ক) | চেয়ারম্যান | জনাব মোঃ শহীদউদ্দীন চৌধুরী এ্যানি এমপি মাননীয় মন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয় |
| (খ) | উপদেষ্টা | ১. জনাব রাশেদ আল মাহমুদ তিতুমীর উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়<br>২. ড. আইনুন নিশাত পানি সম্পদ ও জলবায়ু পরিবর্তন বিশেষজ্ঞ<br>৩. জনাব ফরহাদ হোসেন আজাদ এমপি মাননীয় প্রতিমন্ত্রী, পানি সম্পদ মন্ত্রণালয়<br>৪. ডাঃ জাহেদ উর রহমান উপদেষ্টা, পলিসি ও স্ট্র্যাটেজি; তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>৫. সিনিয়র সচিব/সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়<br>৬. ড. মোঃ সাইমুম পারভেজ মাননীয় প্রধানমন্ত্রীর পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক বিশেষ সহকারী (সচিব পদমর্যাদা) |
| (গ) | সদস্য | মহাপরিচালক, দক্ষিণ এশিয়া অনুবিভাগ, পররাষ্ট্র মন্ত্রণালয় |
| (ঘ) | প্রকৌশলী সদস্য | জনাব মো: আনোয়ার কাদির সদস্য (সংস্থা প্রধান), যৌথ নদী কমিশন, বাংলাদেশ পানি সম্পদ মন্ত্রণালয় |
| (ঙ) | প্রকৌশলী সদস্য | ড. মো. আতাউর রহমান অধ্যাপক, পানি সম্পদ কৌশল বিভাগ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় |
| (চ) | বিশেষজ্ঞ | ১. মীর সাজ্জাদ হোসেন প্রাক্তনসদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ<br>২. ড. মাশফিকুস সালেহীন অধ্যাপক, পানি ও বন্যা ব্যবস্থাপনা ইনস্টিটিউট (IWFM) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় |

২। ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন, বাংলাদেশ পক্ষ আন্ত:সীমান্ত নদীর পানি বন্টন ও ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়সহ ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশন সম্পর্কিত বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ সরকারকে নীতি প্রণয়ন, বাস্তবায়ন এবং প্রয়োজনীয় কারিগরি বিষয়ে পরামর্শ ও মতামত প্রদান করবেন।

৩। কমিশনের কর্মপরিধি, ক্ষমতা ও অন্যান্য বিষয়সমূহ STATUTE OF THE INDO-BANGLADESH JOINT RIVERS COMMISSION এর সংশ্লিষ্ট অনুচ্ছেদ অনুযায়ী নির্ধারিত।

৪। জনস্বার্থে জারীকৃত এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**যতন মার্মা**
উপসচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৭ জুন ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০১.২৪.১৪০**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজা দু'টির স্বাত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | বুড়াবুড়ী | ১১৪ | ১১৭৭ | ৩ | উলিপুর | কুড়িগ্রাম |
| ০২ | মাদারীপাড়া হরিপুর | ৬৭ | ১৪৫৫ | ৪ | সুন্দরগঞ্জ | গাইবান্ধা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৮ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ/২২ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং ২৮/২০২৬/কাস্টমস ৩৩৫।**—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মেসার্স টস বন্ড (প্রা.) লি. (বন্ড লাইসেন্স নং-০২/কাস-এসবিডব্লিউ/১৯৭৯, তারিখ: ১৯-০১-১৯৭৯ খ্রি.) নামীয় ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-০৮-২০২৬/কাস্টমস/৬০, তারিখ: ০৮-০২-২০২৬ খ্রি. এর মাধ্যমে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য মঞ্জুরীকৃত আমদানি প্রাপ্যতার মেয়াদ, প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায়, আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লেখ্য, উক্ত বর্ণিত মেয়াদকালে আমদানিকৃত পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

**নং ২৯/২০২৬/কাস্টমস ৩৩৬।**—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মেসার্স এইচ কবির এন্ড কোং লিঃ (বন্ড লাইসেন্স নং-০৩/পিবিডব্লিউ/১৯৭৮, তারিখ: ৩১-০৮-১৯৭৮ খ্রি.) নামীয় ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠানের অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-১১৪/২০২৫/কাস্টমস/৪১৭, তারিখ: ২৭-১০-২০২৫ খ্রি. এর মাধ্যমে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য মঞ্জুরীকৃত আমদানি প্রাপ্যতার মেয়াদ, প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায়, আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লেখ্য, উক্ত বর্ণিত মেয়াদকালে আমদানিকৃত পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুরাইয়া সুলতানা**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৮ জুন ২০২৬

নং **৪৫.০০.০০০০.১৮২.৯৯.১০৪.১০(অংশ-১).১৬৮**—অধ্যাপক ডা. এ.টি.এম. ফরিদ উদ্দীন বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে সদস্য হিসেবে নিয়োজিত এবং কাউন্সিলের কার্যক্রমে সম্পৃক্ত থাকতে অপরাগতা প্রকাশ করেছেন। তাঁর অপরাগতার পরিপ্রেক্ষিতে অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ তৎসহ ফার্মেসি অধ্যাদেশ, ১৯৭৬ এর ৭(২) নং ধারা অনুযায়ী কাউন্সিলের সদস্য অধ্যাপক ডা. এ.টি.এম. ফরিদ উদ্দীন, অধ্যাপক, ফার্মাকোলজি (সরকার কর্তৃক মনোনীত) পদটি শূন্য ঘোষণা করা হলো।

০২। স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৫.০০.০০০০.১৮২.৯৯.১০৪.১০(অংশ-১).২১১, তারিখ ১৬ অক্টোবর ২০২৪ মোতাবেক পুনর্গঠিত কাউন্সিলের অবশিষ্ট মেয়াদের জন্য উক্ত আইনের ৮ ধারা অনুযায়ী অধ্যাপক ডা: ওনাইজা ইয়াসমিন, অধ্যাপক ফার্মাকোলজি (ইনসিটু) শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা-কে অধ্যাপক, ফার্মাকোলজি পদে (সরকার কর্তৃক মনোনীত) সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাফিকুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব।

---

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**মানব সম্পদ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩/১১ জুন ২০২৬

নং **১১.০০.০০০০.০০০.৮০৩.১২.০০০১.২৬.৪৮১**—বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র কমিটি অফিসার মিজ্ রাহাত আরা ইমামকে ২১-০৬-২০১৫ তারিখের পরিবর্তে ২৪-১২-২০১৩ খ্রি. হতে কমিটি অফিসার পদে ধারণাগত জ্যেষ্ঠতা এবং ২৯-০৩-২০২৩ তারিখের পরিবর্তে ২৯-০৬-২০১৯ খ্রি. হতে সিনিয়র কমিটি অফিসার পদে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলো।

০২। উক্ত ধারণাগত জ্যেষ্ঠতা শুধু চাকরির ধারাবাহিকতা রক্ষা ও জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হবে। এ ক্ষেত্রে তিনি বকেয়া কোনো আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন না।

স্পীকারের আদেশক্রমে

**সৈয়দা মাছুমা খানম**
যুগ্মসচিব (মাস)।

---

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৯ জুন ২০২৬

নং **১৭.০০.০০০০.০৮৩.২৭.০০২০.২৬-৫৫৭**—যেহেতু, জনাব মোঃ ওয়ালিউল্লাহ (পরিচিতি নম্বর-১০৯০৫১০৪), জেলা নির্বাচন কর্মকর্তা, ঠাকুরগাঁও এর বিরুদ্ধে বিগত ২৭-০২-২০২৬ তারিখ আনুমানিক বিকেল ৫:০০ ঘটিকায় অফিস কক্ষের তালা খোলাকে কেন্দ্র করে তিনি একই অফিসের নিরাপত্তা প্রহরী মোঃ ইসমাঈল হোসেন-কে আকস্মিক শারীরিক আক্রমণ ও মারধর করেন মর্মে অভিযোগ উত্থাপিত হয়; উত্থাপিত অভিযোগ প্রাথমিক তদন্ত করা হয় এবং তদন্তে অভিযোগ প্রমাণিত হয়; তিনি দাপ্তরিক শৃঙ্খলা বিনষ্ট করেছেন এবং নির্বাচন কমিশনের ভাবমূর্তি ক্ষুণ্ন করেছেন; তার এহেন কার্যকলাপ শৃঙ্খলার পরিপন্থি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর-০৩/২০২৬ রুজু করতঃ তাকে অভিযোগনামায় কারণ দর্শানো হয়;

যেহেতু, অভিযোগনামার লিখিত জবাব দাখিল পূর্বক তিনি ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন; ০৪-০৬-২০২৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; শুনানি অন্তে আনীত অভিযোগ, প্রাথমিক তদন্ত প্রতিবেদন, অভিযুক্ত কর্মকর্তার প্রদত্ত জবাব ও শুনানিতে তার বক্তব্য পর্যালোচনায় দেখা যায় যে, তিনি রমজান মাসে ইফতারির আগে নিরাপত্তা প্রহরী জনাব মোঃ ইসমাঈল হোসেন-কে অফিস কক্ষ খোলার জন্য বারবার ডাকাডাকি করেন; নিরাপত্তা প্রহরী দেরিতে আসায় অভিযুক্ত কর্মকর্তা তার কান ধরেন; এজন্য তিনি ক্ষমাপ্রার্থী ; এক্ষেত্রে তার নৈতিকতা ও শিষ্টাচার বহির্ভূত আচরণ পরিলক্ষিত হয়; তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত হয়;

সেহেতু, সার্বিক বিবেচনায় জনাব মোঃ ওয়ালিউল্লাহ (পরিচিতি নম্বর-১০৯০৫১০৪), জেলা নির্বাচন কর্মকর্তা, ঠাকুরগাঁও-কে 'অসদাচরণ' এর দায়ে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) অনুযায়ী 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করতঃ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৭ জুন ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২২৫.০৪.০০০৬.১৯.৬৮**—এতদ্দ্বারা আদিষ্ট হয়ে মানিকগঞ্জ জেলার সদর থানার এফ. আই. আর. নং-৪৪/৪৬৬, জি. আর-৪৬৬/১৭ তারিখ: ১৬-০৭-২০১৭ খ্রি.,-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামিরা The Passport (Offences) Act 1952 এর ৩(১)(বি) তৎসহ পেনাল কোড, ১৮৬০-এর ৪১৭ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মানিকগঞ্জ-এর সুপারিশের পরিপ্রেক্ষিতে বিজ্ঞ আদালতে মামলাটির অভিযোগপত্র দাখিলের নিমিত্ত একই আইনের ৩(২) ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.৬৯**—আদিষ্ট হয়ে ময়মনসিংহ জেলার কোতয়ালী মডেল থানার মামলা নং-৩৮, তারিখ: ১১-০৭-২০২৫ খ্রি.,-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামিরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৮ জুন ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.২২.০০০১.২৪.৭০**—আদিষ্ট হয়ে মুন্সীগঞ্জ জেলার টংগীবাড়ী থানার মামলা নং-০৭, তারিখ: ১৭-১১-২০২৩ খ্রি.,-এর ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামিরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯-এর ৯(৩)/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত আইনের ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্দ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাইমা আফরোজ ইমা**
সিনিয়র সহকারী সচিব।

**নিরাপত্তা-৩**

তারিখ: ০১ আষাঢ় ১৪৩৩/১৫ জুন ২০২৬

বিষয়: **কেপিআইডিসিতে অনুষ্ঠিত নিয়মিত মাসিক সভার সুপারিশের আলোকে মাননীয় প্রধানমন্ত্রীর ব্যক্তিগত বাসভবন (বাড়ি নং-১৯৬, গুলশান নর্থ এভিনিউ, গুলশান-২, ঢাকা) কে বিশেষ শ্রেণির কেপিআই হিসেবে ঘোষণাকরণ।**

সূত্র: প্রতিরক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-২৩.০০.০০০০.০২০.০৬.০০৫.২৫-১৪২, তাং-০৭-০৬-২০২৬ খ্রি.

নং **৪৪.০০.০০০০.০০০.১৫৬.১৬.০০১৭.২০২৬-২৭২**—উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে গত ০৭ জুন ২০২৬ খ্রি. তারিখে কেপিআইডিসির নিয়মিত মাসিক সভার সুপারিশের আলোকে নিম্নবর্ণিত প্রতিষ্ঠানকে নির্দেশক্রমে বিশেষ শ্রেণির কেপিআই হিসেবে অন্তর্ভুক্তকরণে সম্মতি জ্ঞাপন করা হলো:

| ক্রঃ | আইটেমের বিষয়/প্রতিষ্ঠানের নাম | কেপিআইডিসি'র সুপারিশ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের মতামত |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | মাননীয় প্রধানমন্ত্রীর ব্যক্তিগত বাসভবন (বাড়ি নং-১৯৬, গুলশান নর্থ এভিনিউ, গুলশান-২, ঢাকা)-কে বিশেষ শ্রেণির কেপিআই হিসেবে ঘোষণাকরণ। | মাননীয় প্রধানমন্ত্রীর ব্যক্তিগত বাসভবন, বাড়ি নং-১৯৬, গুলশান নর্থ এভিনিউ, গুলশান-২, ঢাকার নিরাপত্তার বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে কেপিআই জরিপ কমিটির প্রদত্ত শর্তে বিশেষ শ্রেণির কেপিআই হিসেবে ঘোষণার সুপারিশ করা হলো। | মাননীয় প্রধানমন্ত্রীর ব্যক্তিগত বাসভবন, বাড়ি নং-১৯৬, গুলশান নর্থ এভিনিউ, গুলশান-২, ঢাকাকে বিশেষ শ্রেণির কেপিআই হিসেবে অন্তর্ভুক্তকরণে সম্মতি জ্ঞাপন করা হলো। |

**ইসরাত জাহান**
উপসচিব।

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-১৮ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ/০৩ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.২০৮.২৬.৩৯৭**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১১৫৫১ ক্যাপ্টেন মোঃ রুহুল আমিন, ইএমই-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩(এ), ২৬১ এবং ২৬৯(এ) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.১৭৭.২২.৩৯৮**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১২৬৪০ লে. আরিফ আহমেদ তুহিন, পদাতিক-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩(এ), ২৬১ এবং ২৬৯(এ) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

নং **২৩.০০.০০০০.১৮০.২৭.২০৫.২৬.৪০১**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৮৭৯৪ লে. কর্নেল মোঃ ইকরামুল হক, এইসি-কে আর্মি অ্যাক্ট সেকশন-১৬, আর্মি অ্যাক্ট (রুলস) ৯(এ), আর্মি রেগুলেশন্স (রুলস) ৭৮(সি), ২৫৩(এ), ২৬১ এবং ২৬৯(এ) অনুসারে প্রশাসনিক ব্যবস্থার আওতায় বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে 'বরখাস্ত' করা হলো।

২। এ আদেশ জারির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে উক্ত অফিসারের 'বরখাস্ত' কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পানি সরবরাহ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০২ আষাঢ় ১৪৩৩/১৬ জুন ২০২৬

নং **৪৬.০০.০০০০.০৮৫.২৮.০২৫.২০২২(অংশ-১)-৩৫০**—"পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার ০২ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ /১৬ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ হইতে কুমিল্লা সিটি কর্পোরেশনভুক্ত এলাকার জন্য "কুমিল্লা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ" প্রতিষ্ঠা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ নজরুল ইসলাম**
উপসচিব।

**[একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত]**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**প্রশাসন শাখা-০২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩/১০ জুন ২০২৬

নং **৪৭.০০.০০০০.০৩২.০৬.০২৫.২৪.৩৭৩**—সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে ১৮(৫) এবং ১৮(৭) এর বাধ্যবাধকতা হতে অব্যাহতি প্রদানপূর্বক বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড-এর বিদ্যমান অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ইতঃপূর্বে জারীকৃত পত্রের ধারাবাহিকতায় ১৩-০৫-২০২৬ তারিখ হতে ১২-০৫-২০২৭ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। তবে শর্ত থাকে যে, কমিটি নির্ধারিত সময়ের মধ্যে মহামান্য হাইকোর্ট বিভাগ-এর এতদ্‌সংক্রান্ত সকল নির্দেশনা প্রতিপালনপূর্বক এ বিভাগ এবং মহামান্য হাইকোর্ট বিভাগকে অবহিত করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কল্যাণ চৌধুরী**
উপসচিব।

**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩/১১ জুন ২০২৬

নং **৪৬.০০.০০০০.০০০.০৬৩.১১.০০০৩.২৫-৪৩৪**—স্থানীয় সরকার বিভাগের ১৮ আগস্ট ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৬৩. ২৭.০০০২.২৪-৯৯৮ নং প্রজ্ঞাপন এবং ১৭ ডিসেম্বর ২০২৪ তারিখের ৪৬.০০.০০০০.০০০.০৬৩.২৭.০০০২. ২৪-১৩৩৩ নং প্রজ্ঞাপনমূলে চট্টগ্রাম জেলার সন্দ্বীপ পৌরসভা ও কুষ্টিয়া পৌরসভায় নিয়োগকৃত প্রশাসক এর পরিবর্তে নিম্নবর্ণিত কর্মকর্তাদ্বয়কে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত সন্দ্বীপ ও কুষ্টিয়া পৌরসভার প্রশাসক হিসেবে নিয়োগ করা হলো:

| ক্রমিক | জেলার নাম | পৌরসভার নাম | নিয়োগকৃত প্রশাসক-এর নাম ও পদবি |
|---|---|---|---|
| ১. | চট্টগ্রাম | সন্দ্বীপ পৌরসভা | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা: সন্দ্বীপ, জেলা- চট্টগ্রাম |
| ২. | কুষ্টিয়া | কুষ্টিয়া পৌরসভা | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)<br>জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া |

২। নিয়োগকৃত প্রশাসক স্থানীয় সরকার (পৌরসভা) (সংশোধন) আইন, ২০২৬ এর ধারা ৪২(ক) এর উপধারা (৩) মোতাবেক পৌরসভার মেয়র এর ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন।

৩। নিয়োগকৃত প্রশাসক নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে এ দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনকালীন তারা বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন। এছাড়া, অন্য কোনো আর্থিক ও অন্যান্য সুবিধা প্রাপ্য হবেন না।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: সগীর হোসেন**
উপসচিব।

---

**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৪ জুন ২০২৬

নং **৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.১১.১১২২**—জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০২৬-এর ধারা ৩ দ্বারা জেলা পরিষদ আইন, ২০০০-এ সন্নিবেশিত ধারা ৮২ক(১) মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তিগণকে জেলা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত অথবা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত সময়ের জন্য তাদের নামের পার্শ্বে উল্লিখিত জেলা পরিষদের পূর্ণকালীন প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ সাইফুল ইসলাম<br>পিতা- মোঃ নিজাম উদ্দিন<br>মাতা-মিসেস সাহিদা বানু<br>ঠিকানা-লাহরি মোহনপুর, উল্লাপাড়া মডেল, লাহরি মোহনপুর-৬৭৬২, সিরাজগঞ্জ। | জেলা পরিষদ,<br>সিরাজগঞ্জ |
| ২. | জনাব মোঃ শরীফুজ্জামান<br>পিতা- মোঃ শামসুজ্জোহা<br>মাতা-সাহিদা বেগম<br>ঠিকানা-বাসা/হোল্ডিং: ০৬০৯-০০, গ্রাম/রাস্তা: মুক্তি পাড়া, ডাকঘর: চুয়াডাঙ্গা সদর-৭২০০, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা । | জেলা পরিষদ,<br>চুয়াডাঙ্গা |
| ৩. | জনাব মোঃ হাবিবুল ইসলাম হাবিব<br>পিতা- এস, এম, আব্দুল লতিফ খান<br>মাতা- বেগম রোকেয়া খাতুন<br>ঠিকানা-গ্রাম/রাস্তা: তুলশিডাঙ্গা পূর্ব, ডাকঘর: তুলশিডাঙ্গা পূর্ব, কলারোয়া, সাতক্ষীরা। | জেলা পরিষদ,<br>সাতক্ষীরা। |

০২। নিয়োগকৃত প্রশাসকগণ জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০২৬-এর ধারা ৩ দ্বারা জেলা পরিষদ আইন, ২০০০-এ সন্নিবেশিত ধারা ৮২ক(৩) অনুযায়ী জেলা পরিষদের চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। তারা বিধি-বিধান মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোন্দকার ফরহাদ আহমদ**
উপসচিব।

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-০১ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ/০২ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩৪.০০.০০০০.০০০.০৫১.৬৫.০০০১.২১-১৮৭**—যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ৫(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ড নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| (১) | মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | : | চেয়ারম্যান |
| (২) | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | : | সচিব |
| (৩) | সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৪) | সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়। | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৫) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৬) | সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়। | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৭) | সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৮) | মহাপরিচালক (গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর। | : | সদস্য (পদাধিকারবলে) |
| (৯) | জনাব মোহাম্মদ মাহবুবুর রহমান, সাবেক সচিব, ২১৪ পূর্ব কাফরুল, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা। | : | সরকার মনোনীত সদস্য |
| (১০) | অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন, জাপানিজ স্টাডিজ বিভাগ, সামাজিক বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | : | সরকার মনোনীত সদস্য |
| (১১) | অধ্যাপক ড. সালমা বেগম, সমাজ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | : | সরকার মনোনীত সদস্য |
| (১২) | জনাব আশরাফ জালাল খান মনন, অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রীমকোর্ট। | : | সরকার মনোনীত সদস্য |

২। এ কমিটিতে সচিব বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবে।

৩। উক্ত আইনের ৫(২) ধারা অনুযায়ী সরকার কর্তৃক মনোনীত সদস্যদের (ক্রমিক ০৯ হতে ১২) মেয়াদ পরবর্তী ০২ (দুই) বছরের জন্য বহাল থাকবে।

৪। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

নং **৩৪.০০.০০০০.০০০.০৫১.৬৫.০০০১.২১-১৮৮**—যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ এর ৮(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সিলেকশন কমিটি নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| (১) | সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | : | সভাপতি |
| (২) | মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর অথবা তদকর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি। | : | সদস্য |
| (৩) | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর অথবা তদকর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি। | : | সদস্য |
| (৪) | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর অথবা তদকর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি। | : | সদস্য |
| (৫) | মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড অথবা তদকর্তৃক মনোনীত ০১ (এক) জন প্রতিনিধি। | : | সদস্য |
| (৬) | সংশ্লিষ্ট যুগ্মসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | : | সদস্য |
| (৭) | জনাব চৌধুরী লিয়াকত আলী, পরিচালক (এসএফডি), সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক। | : | সরকার মনোনীত সদস্য |
| (৮) | অধ্যাপক ড. নুসরাত ফাতেমা, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়। | : | সরকার মনোনীত সদস্য |
| (৯) | সংশ্লিষ্ট উপসচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়। | : | সদস্য-সচিব |

২। এ কমিটিতে সচিব বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. মাসুম আহমেদ**
উপসচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সওজ সংস্থাপন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩৫.০০.০০০০.০২২.০৩২.১২.২৬-৩০৯**—বি. সি. এস. (সড়ক ও জনপথ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে ক্যাডার সার্ভিস পদে তার যোগদানের পূর্বের চাকরিকাল বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি ৪২ (২) এবং বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর ৩০০ (বি) অনুযায়ী পেনশনযোগ্য চাকরির চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে সংরক্ষণ করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি | বর্তমান কর্মস্থল | পূর্বতন চাকরি ও কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ ফয়সাল হোসেন (৬০২৪৯৪)<br>(বিসিএস ব্যাচ ৪৪তম)<br>সহকারী প্রকৌশলী (সিভিল), সওজ | সওজ, রোড সেফটি বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা | সহকারী প্রকৌশলী (পুর), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |

(ক) পূর্বপদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাসলিমা আহমেদ পলি**
উপসচিব।

---

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**
**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ ১৪৩৩/০২ জুন ২০২৬

নং **১৫.০০.০০০০.০২৭.২৩.০০৬.২৪.১৬৪**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নোক্ত ২৮ টি ক্ষেত্রে ৩২ (বত্রিশ) চলচ্চিত্র/বিশিষ্ট শিল্পী/কলাকুশলীকে স্ব স্ব নামের পার্শ্বে বর্ণিত ক্ষেত্রে বিশেষ কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ 'জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২৩' প্রদানের ঘোষণা করছে:

| ক্রম: | পুরস্কারের ক্ষেত্র | | ব্যক্তির নাম | |
|---|---|---|---|---|
| ১. | আজীবন সম্মাননা | যুগ্ম | ১. ঝর্ণা বসাক শবনম, বিশিষ্ট অভিনেত্রী<br>২. ফজলে হক, বিশিষ্ট চলচ্চিত্র সম্পাদক | |
| | | যুগ্ম | ১.মরহুম তারেক মাসুদ (মরণোত্তর)<br>২. মরহুম আব্দুল লতিফ বাচ্চু (মরণোত্তর) | (চলচ্চিত্র শিল্পে বিশেষ অবদান) |
| | | | **ব্যক্তির নাম** | **চলচ্চিত্রের নাম** |
| ২. | শ্রেষ্ঠ চলচ্চিত্র | | কে. এম. হালিমুজ্জামান (খন্দকার সুমন) | সাঁতাও |
| ৩. | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | | চৈতালী সমদ্দার | মরিয়ম |
| ৪. | শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র | | এলিজা বিনতে এলাহী | লীলাবতী নাগ: দ্য রেবেল |
| ৫. | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক | | কে. এম. হালিমুজ্জামান (খন্দকার সুমন) | সাঁতাও |
| ৬. | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে | | আহাম্মেদ ফজলে রাব্বি আফরান নিশো (আফরান নিশো) | সুড়ঙ্গ |
| ৭. | শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে | | আইনুন নাহার (আইনুন পুতুল) | সাঁতাও |
| ৮. | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে | | মনির আহাম্মেদ (শাকিল) | সুড়ঙ্গ |
| ৯. | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে | | নাজিয়া হক (নাজিয়া হক অর্ষা) | ওরা সাত জন |
| ১০. | শ্রেষ্ঠ অভিনেতা/ অভিনেত্রী খল চরিত্রে | | খন্দকার রশিদ আহমেদ (আশীষ খন্দকার) | অ্যাডভেঞ্চার অব সুন্দরবন |
| ১১. | শ্রেষ্ঠ অভিনেতা/ অভিনেত্রী কৌতুক চরিত্রে | | শহীদুজ্জামান সেলিম | সুড়ঙ্গ |
| ১২. | শ্রেষ্ঠ শিশু শিল্পী | | মোঃ লিয়ন | আম কাঁঠালের ছুটি |
| ১৩. | শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার | | আরিফ হাসান আনাইরা খান | আম কাঁঠালের ছুটি |
| ১৪. | শ্রেষ্ঠ সংগীত পরিচালক | | মোস্তাফিজুর রহমান চৌধুরী ইমন (ইমন চৌধুরী) | অ্যাডভেঞ্চার অব সুন্দরবন |

| ক্রম: | পুরস্কারের ক্ষেত্র | | ব্যক্তির নাম | |
|---|---|---|---|---|
| ১৫. | শ্রেষ্ঠ নৃত্য পরিচালক | | হাবিবুর রহমান | লাল শাড়ি |
| ১৬. | শ্রেষ্ঠ গায়ক | | কাজী মোঃ অলী জাহাঙ্গীর (বালাম)-ও প্রিয়তমা | প্রিয়তমা |
| ১৭. | শ্রেষ্ঠ গায়িকা | | অবন্তী দেব সিঁথি (গোটা পৃথিবীতে খুঁজো...... এ গাঁ ছুঁয়ে বলো) | সুড়ঙ্গ |
| ১৮. | শ্রেষ্ঠ গীতিকার | | মোঃ অলিউল্লাহ (সোমেশ্বর অলি)-ঈশ্বর....... | প্রিয়তমা |
| ১৯. | শ্রেষ্ঠ সরকার | | মুনির মাহমুদ প্রিন্স (প্রিন্স মাহমুদ)-ঈশ্বর....... | প্রিয়তমা |
| ২০. | শ্রেষ্ঠ কাহিনিকার | | ফারুক হোসেন | প্রিয়তমা |
| ২১. | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার | | মোঃ তাসনীমুল হাসান | রক্তজবা |
| ২২. | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা | যুগ্ম | ১। রায়হান রাফী চৌধুরী (রায়হান রাফী)<br>২। সৈয়দ নাজিম উদ দৌলা | সুড়ঙ্গ |
| ২৩. | শ্রেষ্ঠ সম্পাদক | | মোঃ সালাহ উদ্দিন আহমেদ বাবু | ওরা সাত জন |
| ২৪. | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক | | শহীদুল ইসলাম | সুড়ঙ্গ |
| ২৫. | শ্রেষ্ঠ চিত্রগ্রাহক | | সুমন কুমার সরকার | সুড়ঙ্গ |
| ২৬. | শ্রেষ্ঠ শব্দ গ্রাহক | | সুজন মাহমুদ | সাঁতাও |
| ২৭. | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা | | বীথি আফরীন | সুড়ঙ্গ |
| ২৮. | শ্রেষ্ঠ মেক-আপম্যান | | সবুজ | প্রিয়তমা |

০২। গত ২৯ জানুয়ারি ২০২৬ তারিখে জারীকৃত ১৫.০০.০০০০.০৪১.০২৭.২৩.০০২.২৩.৪৪ সংখ্যক প্রজ্ঞাপনটি বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহবুবা ফারজানা**
সচিব।

---

**পানি সম্পদ মন্ত্রণালয়**
**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৮ জুন ২০২৬

নং **৪২.০০.০০০০.০৩১.০৬.০৫৬.১৬-২৬৯**—নদী গবেষণা ইনস্টিটিউট আইন, ১৯৯০ (১৯৯০ সনের ৫৩ নম্বর আইন) এর ধারা ৫ ও ৬ বলে সরকার নদী গবেষণা ইনস্টিটিউট পরিচালনা বোর্ডের সদস্য হিসেবে নিম্নবর্ণিত ০২ (দুই) জন পানি সম্পদ প্রকৌশলী/বিজ্ঞানীকে মনোনীত করেছেন:

| ক্রমিক নং | নাম | পদবি | মোবাইল নম্বর | ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | ড. মোঃ আতাউর রহমান | প্রফেসর | ০১৭০০৮৩৯৫০৫ | পানি সম্পদ কৌশল বিভাগ<br>বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় |
| ২ | ড. মোঃ সাব্বির মোস্তফা খান | প্রফেসর | ০১৯১১৫৫৪০৮৮ | পানি সম্পদ কৌশল বিভাগ<br>বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় |

২। সদস্যদ্বয় প্রজ্ঞাপন জারীর তারিখ হতে ২ বছরের জন্য স্বীয় পদে বহাল থাকবেন। সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বেই কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সদস্যকে যেকোনো সময় তাঁর পদ হতে অপসারণ করতে পারবেন এবং সম্মানিত সদস্যগণও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ থেকে পদত্যাগ করতে পারবেন।

৩। এ মন্ত্রণালয়ের গত ০৯-০২-২০২৫ তারিখের ৪২.০০.০০০০.০৩১.০৬.০৫৬.১৬-৮৬ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে নদী গবেষণা ইনস্টিটিউট পরিচালনা বোর্ডের সদস্য হিসেবে মনোনীত ০২ (দুই) জন পানি সম্পদ প্রকৌশলী/বিজ্ঞানীকে উক্ত বোর্ডের সদস্য পদ হতে অপসারণ করা হলো।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: সাইফুর রহমান**
উপসচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**প্রশাসন অনুবিভাগ-১**
**প্রশাসন শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩/১১ জুন ২০২৬

নং **২৫.০০.০০০০.০০১.১২২.২৭.০০০৫.২৬-২৫৩**—যেহেতু, জনাব মোঃ সোহানুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা-এর বিরুদ্ধে তার স্ত্রী ডক্টর নাজিয়া রহমান গত ২৫-০৯-২০২৫ তারিখে অনৈতিক সম্পর্ক থেকে বিরত রাখার ও জবাবদিহিতায় আনার জন্য একটি অভিযোগপত্র দাখিল করেন। প্রাপ্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এর দায়ে ০৩/২০২৬ নম্বর বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

০২। অত:পর, অভিযুক্ত কর্মকর্তা জনাব মো: সোহানুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা গত ১০-০৩-২০২৬ তারিখ কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেন। দাখিলকৃত জবাবের আলোকে গত ০৭-০৫-২০২৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানীকালে অভিযুক্ত কর্মকর্তা ও গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধি নির্বাহী প্রকৌশলী (রিজার্ভ) জনাব এস.এ.এম নাসিফ জুবায়ের বক্তব্য পেশ করেন। দাখিলকৃত জবাব পর্যালোচনা এবং শুনানী অন্তে অভিযুক্তের বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হওয়ায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩। সেহেতু, জনাব মোঃ সোহানুর রহমান, উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল) (রিজার্ভ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা-এর বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি, দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত ০৩/২০২৬ নম্বর বিভাগীয় মামলা হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম**
সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**ঔষধ প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৮ জুন ২০২৬

নং **৪৫.০০.০০০০.১৮২.৯৯.১০৪.১০(অংশ-১).১৬৮**—অধ্যাপক ডা. এ. টি. এম. ফরিদ উদ্দীন বাংলাদেশ সরকারি কর্ম কমিশনে সদস্য হিসেবে নিয়োজিত এবং কাউন্সিলের কার্যক্রম সম্পৃক্ত থাকতে অপারগতা প্রকাশ করেছেন। তাঁর অপারগতার পরিপ্রেক্ষিতে অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩ তৎসহ ফার্মেসি অধ্যাদেশ, ১৯৭৬ এর ৭(২) নং ধারা অনুযায়ী কাউন্সিলের সদস্য অধ্যাপক ডা. এ. টি. এম. ফরিদ উদ্দীন, অধ্যাপক, ফার্মাকোলজি (সরকার কর্তৃক মনোনীত) পদটি শূন্য ঘোষণা করা হলো।

০২। স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৫.০০.০০০০.১৮২.৯৯.১০৪.১০ (অংশ-১).২১১, তারিখ ১৬ অক্টোবর ২০২৪ মোতাবেক পুনর্গঠিত কাউন্সিলের অবশিষ্ট মেয়াদের জন্য উক্ত আইনের ৮ ধারা অনুযায়ী অধ্যাপক ডা: ওনাইজা ইয়াসমিন, অধ্যাপক, ফার্মাকোলজি (ইনসিটু) শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ, ঢাকা-কে অধ্যাপক, ফার্মাকোলজি পদে (সরকার কর্তৃক মনোনীত) সদস্য হিসেবে মনোনয়ন প্রদান করা হলো।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**রাফিকুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব।

---

**নির্মাণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৫ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ/০৮ জুন ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৫.০০.০০০০.১৫৬.৯৯.০১৮.২২-২২১**—স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন কুমিল্লা জেলার বরুড়া উপজেলার সোনাইমুড়ী ২০ শয্যাবিশিষ্ট হাসপাতালের বর্তমান নাম পরিবর্তন করে **"এ. কে. এম. আবু তাহের ২০ শয্যাবিশিষ্ট হাসপাতাল"** নামে নামকরণ করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আরাফাত রহমান**
উপসচিব।

---

**শৃঙ্খলা অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ জুন ২০২৬ খ্রি.

নং **৪৫.০০.০০০০.১২২.০২৭.০১৯.২০২১-৬০১**—যেহেতু, ডা. মোঃ আবেদুর রহমান (৪৩২১২), সহযোগী অধ্যাপক (ফিজিওলজি), ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, সংযুক্ত: কুষ্টিয়া মেডিকেল কলেজ, কুষ্টিয়া ইত:পূর্বে এম আব্দুর রহিম মেডিকেল কলেজ (বর্তমানে দিনাজপুর মেডিকেল কলেজ) দিনাজপুরে কর্মরত থাকাকালে একজন ছাত্রীর সাথে অমার্জিত আচরণ করেন মর্মে অভিযোগ পাওয়া যায়;

যেহেতু, উক্ত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে ২৮-১০-২০২১ খ্রি. তারিখের ৩৫১ নম্বর স্মারকে বিভাগীয় মামলা (নং-৪৭/২০২১) রুজু করা হয়;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি কর্মচারী আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা মোতাবেক স্বাস্থ্য সেবা বিভাগের ২৮-১০-২০২১ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.১৯.২১-৩৫২ নং স্মারকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

যেহেতু, গত ২২-১২-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

যেহেতু, সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত শুনানিতে বক্তব্য সন্তোষজনক না হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদনে আনীত অসদাচরণের অভিযোগের সত্যতা না পাওয়ায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, ডা. মোঃ আবেদুর রহমান (৪৩২১২), সহযোগী অধ্যাপক (ফিজিওলজি)-কে আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদান করা হলো। চলমান এ বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। একইসাথে ২৮-১০-২০১১ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১২২.০২৭.১৯.২১-৩৫২ নং স্মারকের সাময়িক বরখাস্ত প্রত্যাহার করা হলো। তাঁর সাময়িক বরখাস্ত কালীন সময়কে বিধিমোতাবেক কর্তব্যকাল হিসেবে গণ্য করার জন্য বলা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩১ জ্যৈষ্ঠ ১৪৩৩/১৪ জুন ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০১০.২৩.১৪১**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | সাকরাল | ৬৪ | ৯০০ | ১ | উজিরপুর | বরিশাল |
| ২ | দক্ষিণ মোড়াকাটী | ৭৩ | ৫৩১ | ১৩ | উজিরপুর | বরিশাল |
| ৩ | ইচলাদি | ৮৯ | ৬৪৪ | ২ | উজিরপুর | বরিশাল |
| ৪ | দক্ষিণ মাদারসী | ৯০ | ৬৫০ | ৩ | উজিরপুর | বরিশাল |
| ৫ | বান্না | ৯৮ | ৩৭৯ | ১ | উজিরপুর | বরিশাল |
| ৬ | চাঙ্গারিয়া | ১০৩ | ৭০৪ | ১ | উজিরপুর | বরিশাল |
| ৭ | ডহরপাড়া | ১১১ | ১১০৯ | ২ | উজিরপুর | বরিশাল |
| ৮ | পূর্ব্ব নারায়ণপুর | ১১২ | ৭১৫ | ১ | উজিরপুর | বরিশাল |
| ৯ | পাওতা | ৪৭ | ১২৭৫ | ৩ | নলছিটি | ঝালকাঠী |
| ১০ | ভেরণ বাড়িয়া | ৭৭ | ১১৬৪ | ১ | নলছিটি | ঝালকাঠী |
| ১১ | ছোট আলগী | ৭০ | ২২১২ | ১৬ | ভোলা সদর | ভোলা |
| ১২ | চর জঙ্গালা | ৬৯ | ২০২৯ | ১৫ | ভোলা সদর | ভোলা |
| ১৩ | দক্ষিণ বালিয়া | ৯৮ | ৩৮৬০ | ৫ | ভোলা সদর | ভোলা |
| ১৪ | দক্ষিণ দীঘলদী | ১০৩ | ২২৯৯ | ২ | ভোলা সদর | ভোলা |
| ১৫ | দবুন | ২৮ | ৫৫৮ | ১ | বোরহানউদ্দিন | ভোলা |
| ১৬ | চর আলগী | ৪৩ | ২১৫৬ | ৩ | বোরহানউদ্দিন | ভোলা |
| ১৭ | শাঁখারীকাটী | ৩ | ১৩৬৫ | ২ | মঠবাড়িয়া | পিরোজপুর |
| ১৮ | আধাঁরমানিক | ৩১ | ৮০৯ | ২ | মঠবাড়িয়া | পিরোজপুর |
| ১৯ | খাঁর ঘটীচোরা | ২৪ | ৮৮১ | ২ | মঠবাড়িয়া | পিরোজপুর |
| ২০ | মিঠাখালী | ৩৮ | ১৬৬২ | ২ | মঠবাড়িয়া | পিরোজপুর |
| ২১ | বাদুরতলী | ৪৭ | ১৫৫৩ | ৩ | মঠবাড়িয়া | পিরোজপুর |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০১.২৫.১৪২**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলোঃ

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | তীর্থচন্দ্রা | ৪১ | ৯৩২ | ০৪ | জামালপুর সদর | জামালপুর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।